'সমানো মন্ত্রঃ সমিতিঃ সমানী'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Programme 5th Semester Examination, 2023

## DSE1/2-P1-BENGALI

### NEW & RE-REVISED SYLLABUS

Time Allotted: 2 Hours | Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

**The question paper contains paper DSE-1A and DSE-1B**
**The candidates are required to answer any *one* from the *two* courses.**
**Candidates should mention it clearly on the Answer Book.**

## DSE-1A

### বাংলা উপন্যাস : উদ্ভব ও ক্রমবিকাশ

১। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ =১২

(ক) বঙ্গভঙ্গ আন্দোলনের প্রেক্ষিতে রচিত একটি উপন্যাসের নাম, প্রকাশকাল ও লেখকের নাম লেখো।

(খ) কৃষ্ণকান্ত কতবার তার উইল বদল করেছিল ? এই উইল বদলের কারণ কী ?

(গ) 'কৃষ্ণকান্তের উইল' উপন্যাসটি কয়টি খণ্ডে বিভক্ত ? উপন্যাসের শুরুতে কোন গ্রামের প্রসঙ্গ বর্ণিত হয়েছে ?

(ঘ) 'দেনাপাওনা' উপন্যাসটি কত সালে গ্রন্থাকারে প্রকাশিত হয় ? উপন্যাসের দু'টি নারী চরিত্রের নাম লেখো।

(ঙ) 'শান্তিকুঞ্জ' কে, কী উদ্দেশ্যে স্থাপন করেছিল ? এটি কোন নদীর তীরে স্থাপন করা হয়েছে ?

(চ) অলকার স্বামী ও বাবার নাম লেখো। তার স্বামী তাকে কেন পরিত্যাগ করেছিল ?

২। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ =২৪

(ক) উনিশ শতকের রাজনৈতিক আন্দোলন বঙ্কিম উপন্যাসে কতটা প্রভাব বিস্তার করেছে — তা আলোচনা করো।

(খ) বাংলা উপন্যাসে বঙ্গভঙ্গ আন্দোলনের প্রভাব সম্পর্কে আলোচনা করো।

(গ) 'কৃষ্ণকান্তের উইল' উপন্যাসের ভ্রমর চরিত্রের স্বরূপ আলোচনা করো।

(ঘ) 'কৃষ্ণকান্তের উইল' উপন্যাসে বর্ণিত 'বারুণী' পুষ্করিণীর গুরুত্ব আলোচনা করো।

(ঙ) 'দেনাপাওনা' উপন্যাসে নির্মল-হৈম উপকাহিনীর গুরুত্ব কতখানি — তা আলোচনা করো।

(চ) 'দেনাপাওনা' উপন্যাসে ফকির সাহেব চরিত্রের উপযোগিতা আলোচনা করো।

৩। নিম্নলিখিত যে-কোনো *দু'টি* প্রশ্নের উত্তর দাওঃ ১২×২=২৪

(ক) স্বাধীনতা-পূর্ব সময়কালের আর্থ-সামাজিক ও রাজনৈতিক সংকট বাংলা উপন্যাস রচনায় প্রভাব বিস্তার করেছে — তা আলোচনা করো।

(খ) 'কৃষ্ণকান্তের উইল' উপন্যাসে উইল পরিবর্তনের ঘটনা কিভাবে উপন্যাসের কাহিনি ও চরিত্রকে প্রভাবিত করেছে — আলোচনা করো।

(গ) 'দেনাপাওনা' উপন্যাসের নামকরণের সার্থকতা আলোচনা করো।

(ঘ) 'দেনাপাওনা' উপন্যাসে ভৈরবী কিভাবে মানবী অলকা রূপে আত্মপ্রকাশ করে তার পরিচয় দাও।

# DSE-1B

## বাংলা ছোটগল্প : উদ্ভব ও ক্রমবিকাশ

### বিভাগ-ক

১। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) 'স্ত্রীর পত্র' গল্পে কে, কাকে, কোথা থেকে পত্র লিখেছেন ?

(খ) 'মহেশ' গল্পে বর্ণিত জমিদারের নাম কী ? তার চরিত্র কেমন ছিল ?

(গ) 'জলসাঘর' গল্পটি কবে, কোন পত্রিকায় প্রকাশিত হয়েছিল ? এই গল্পের মূল বিষয় কী ?

(ঘ) তৃতীয় দ্যুতসভা গল্পটি কোন গল্পগ্রন্থের অন্তর্গত ? গ্রন্থটি কবে প্রকাশিত হয় ? এটি কী ধরনের গল্প ?

(ঙ) 'দুঃশাসনীয়' গল্পটি কোন প্রেক্ষিতে রচিত ? এই গল্পে উল্লেখিত গ্রামটির নাম কী ? গল্পের কয়েকটি চরিত্রের নাম লেখো।

(চ) বাংলা ছোটোগল্পের তিন প্রধান বৈশিষ্ট্য লেখো।

### বিভাগ-খ

২। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) মানবেতর প্রাণীর প্রতি মানুষের হৃদয়-মর্মিতা যেভাবে প্রকাশিত হয়েছে তা 'মহেশ' গল্প অবলম্বনে আলোচনা করো।

(খ) 'স্ত্রীর পত্র' গল্পের বিন্দুর চরিত্রটি আলোচনা করো।

(গ) তারাশঙ্করের 'জলসাঘর' গল্পে নবীন ও প্রবীণের দ্বন্দ্বের যে ছবি পরিস্ফুট হয়েছে তা আলোচনা করো।

(ঘ) 'তৃতীয় দ্যুতসভা' গল্পের মূল বক্তব্য পরিস্ফুট করো।

(ঙ) 'দুঃশাসনীয়' গল্পের রাবেয়া চরিত্র আলোচনা করো।

(চ) উনিশ শতকে বাংলা ছোটোগল্পের উদ্ভব ও বিকাশ আলোচনা করো।

### বিভাগ-গ

৩। নিম্নলিখিত যে-কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাওঃ ১২×২= ২৪

(ক) বাংলা ছোটোগল্পের ধারায় কল্লোল লেখক গোষ্ঠীর অবদান আলোচনা করো।

(খ) 'স্ত্রীর পত্র' গল্পে নারীর ব্যক্তিস্বাতন্ত্র্যের যে ছবি মৃণাল চরিত্রে উঠে এসেছে তা আলোচনা করো।

(গ) 'জলসাঘর' গল্পে বিশ্বম্ভর রায় চরিত্রের মনঃস্তত্ত্ব আলোচনা করো।

(ঘ) 'মহেশ' গল্পে মহেশের মৃত্যুর জন্য কে বা কারা দায়ী ছিল তা আলোচনা করো।

——×——